

■■ শিয়া আকীদা সম্পর্কে ইবন তাইমিয়্যার মিনহাজুস সুন্নাহ থেকে নির্বাচিত কিছু কথা

বিভাগ/অধ্যায়ঃ ইবন তাইমিয়া (র.) কর্তৃক রচিত মিনহাজুস সুন্নাহ সহায়ক রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

ইবন তাইমিয়্যা (র.) কর্তৃক রচিত মিনহাজুস সুন্নাহ সহায়ক

শাইখুল ইসলাম ইমাম আহমদ ইবন তাইমিয়া র. বলেন: আল্লাহ আমাদেরকে নির্দেশ দিয়েছেন, যাতে আমরা আমাদের সালাতের মধ্যে বলি:

﴿ ٱها دِنَا ٱلصِّرَٰطَ ٱلدَّمُس اَتَقِيمَ ٦ صِرِٰطَ ٱلَّذِينَ أَن العَمانَ عَلَي الهِم الْعَيْضُوبِ عَلَي الهِم وَلَا ٱلضَّالِينَ ٧ ﴾ [الفاتحة: ٦، ٧]

"আমাদেরকে সরল পথের হিদায়াত দিন; তাদের পথ, যাদেরকে আপনি নিয়ামত দিয়েছেন, যাদের উপর আপনার ক্রোধ আপতিত হয়ন এবং যারা পথভ্রম্টও নয়।" (সূরা আল-ফাতিহা: ৬–৭)। বস্তুত পথভ্রম্ট হচ্ছে ঐ ব্যক্তি, যে হক তথা সত্যকে চিনতে পারে নি, যেমন খ্রিষ্টানগণ; আর অভিশপ্ত হল ঐ বিপথগামী ব্যক্তি, যে সত্যকে জানে এবং তার বিপরীত কাজ করে, যেমন ইয়াহূদীগণ ...; আর 'সরল পথ' সত্যকে জানা ও তার উপর আমল করাকে অন্তর্ভুক্ত করে, যেমনটি সুন্নাহ-ভিত্তিক দো'আর মধ্যে রয়েছে:

«اللهم، أرني الحق حَقّا ووفّقني لاتباعه، وأرني الباطل باطلا ووفّقني لاجتنابه، ولا تَجْعَلْه مشتبهًا علي فاتبع الهوى»

"হে আল্লাহ! আপনি আমাকে সত্যকে সত্যরূপে দেখিয়ে দিন এবং আমাকে তার অনুসরণ করার তাওফীক দিন; আর বাতিলকে বাতিলরূপেই আমাকে দেখিয়ে দিন এবং আমাকে তা বর্জন করার তাওফীক দিন; আর আপনি তাকে আমার জন্য সন্দেহ-সংশয়পূর্ণ করবেন না, তাহলে যে আমি প্রবৃত্তির অনুসরণ করে বসব।" [পৃ. ১৯, ১ম খণ্ড]।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12633

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন